# পরিসংখ্যান বিভাগ

**বাংলাদেশ ব্যাংক**

প্রধান কার্যালয়, ঢাকা

Website: www.bb.org.bd

এসটিডি সার্কুলার লেটার নং-০২/২০১৫

তারিখঃ ২রা আগষ্ট, ২০১৫ ইং

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**পরিসংখ্যান বিভাগের Portfolio Investment এর তথ্য/উপাত্ত সংশ্লিষ্ট RIT সমূহ (T_ME_Q_PORT_INV এবং T_ME_Q_PORT_SURVEY) ত্রৈমাসিকের পরিবর্তে মাসিক ভিত্তিতে দাখিল প্রসঙ্গে।**

পরিসংখ্যান বিভাগের এসটিডি সার্কুলার নং-০৩/২০১৪, তারিখ- মে ১২, ২০১৪ অনুযায়ী ব্যাংকসমূহ অত্র বিভাগে ত্রৈমাসিক ভিত্তিতে Portfolio Investment(PI) বিবরণী এর RIT সমূহ (T_ME_Q_PORT_INV এবং T_ME_Q_PORT_ SURVEY) দাখিল করে আসছে । অপরদিকে Foreign Exchange Vol-1 এর Chapter 14 para 24(x) , page no 135 এর নির্দেশনা অনুযায়ী ব্যাংকসমূহ NITA A/C এর লেনদেনের তথ্য/উপাত্ত সংক্রান্ত বিবরণী (Appendix 5 এর page no 74) মাসিক ভিত্তিতে Foreign Exchange Investment Department (FEID) এ দাখিল করে আসছে । পরিসংখ্যান বিভাগের PI সংক্রান্ত ত্রৈমাসিক বিবরণী ও FEID এর NITA সংক্রান্ত মাসিক বিবরণী যথেষ্ট সামঞ্জস্যপূর্ণ হওয়ায় তা merge করে নতুন RIT (T_ME_M_PORT_SURVEY) এর মাধ্যমে তথ্য/উপাত্ত মাসিক ভিত্তিতে সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়। এমতাবস্থায়, নতুন প্রস্তুতকৃত RIT সমূহ (T_ME_M_PORT_INV এবং T_ME_M_PORT_SURVEY) পরিসংখ্যান বিভাগের এসটিডি সার্কুলার নং-০৩/২০১৪, তারিখ- মে ১২, ২০১৪ এ নির্দেশিত সময়সীমার পরিবর্তে প্রত্যেক মাস শেষে পরবর্তী মাসের ১৫(পনের) তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং কনফার্মেশন পাতাটির কপি সংশ্লিষ্ট মাসের ফরওয়ার্ডিং এর সাথে সংযুক্ত করতে হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

আপনার বিশ্বস্ত,
স্বা/-

(সাইফুল আরেফীন)
যুগ্ম-পরিচালক
ফোনঃ ৯৫৩০০১০-৭৫/৩০৮৩